

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৪নং উজানচর ইউনিয়ন পরিষদ কার্যালয়


ডাকঘরঃ গোয়ালন্দ, উপজেলাঃ গোয়ালন্দ, জেলাঃ রাজবাড়ী।

তারিখঃ ২০/৮/২৩

জেলা প্রশাসক রাজবাড়ী, জনাব আবু কায়সার খান মহোদয়ের ১২-০৬-২০২৩ইং তারিখে উজানচর ইউনিয়ন পরিষদ পরিদর্শনের প্রতিবেদনের নির্দেশনা সূচকের আলোকে ব্রডশীট জবাব প্রদান।

ক্রম নং	পরিদর্শক কর্মকর্তার মন্তব্য ও নির্দেশনা	কর্তৃপক্ষের সাড়া	মন্তব্য
০১	পূর্ব নির্ধারিত সময়সূচি মোতাবেক ১২-০৬-২৩ইং রাজবাড়ী জেলার গোয়ালন্দ উপজেলাধীন উজানচর ইউনিয়ন পরিষদ ও ডিজিটাল সেন্টার পরিদর্শন করি। পরিদর্শন কালে উপজেলা নিবাহী অফিসার জনাব মোঃ জাকির হোসেন, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ গোলজার হোসেন মুখাম, সচিব, সদস্যগণ গ্রামপুলিশ এবং ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ উপস্থিত ছিলেন।		
০২	পরিদর্শন রেজিস্টারঃ পরিদর্শন রেজিস্টারটি বাধানো অবস্থায় সংরক্ষণ করা হচ্ছে এবং পৃষ্ঠা সংখ্যা সম্বলিত প্রত্যয়ন রয়েছে। তার পরিদর্শন মন্তব্যের আলোকে গৃহিত ব্যবস্থা বিবরণ এন্ট্রি আছে। রেজিস্টারের রক্ষণাবেক্ষণ সন্তোষজনক।	এ কার্যক্রম অব্যাহত রাখা হইবে।	
০৩	ট্যাক্স ধার্য ও আদায়ঃ ট্যাক্স আদায় ২০২২/২৩ অর্থ বছরের ট্যাক্স ধার্য ৫০০০০০ টাকার মধ্যে ৪০৮৫৬৫ টাকা আদায় করা হয়েছে। ট্যাক্স আদায় কার্যক্রম জোরদার করার জন্য নির্দেশনা প্রদান করা হইলো।	২০২২/২৩ অর্থ বছরের ধার্যকৃত ট্যাক্স শতভাগ আদায়ের জন্য ব্যবস্থা গ্রহণ করা হইবে।	
০৪	ইউনিয়ন পরিষদের সভাঃ ২০২২/২৩ অর্থ বছরের এ পর্যন্ত ১১টি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী লিপিবদ্ধ রয়েছে। সরকারি নীতিমালা অনুযায়ী ইউনিয়ন পর্যায়ে গঠিত সকল সভা অনুষ্ঠানের জন্য চেয়ারম্যানকে পরামর্শ দেয়া হলো।	মহোদয়ের নির্দেশনা মোতাবেক সকল সভার কার্যক্রম পরিচালিত হবে।	
০৫	ক্যাশবহি সমূহঃ ক্যাশবহি গুলো পরিষ্কা করা হলো নির্ধারিত ফরমে ব্যবহৃত হচ্ছে এবং প্রত্যয়ন রয়েছে। জন্ম নিবন্ধনের আয় যথাসময়ে চালান করতে হবে এবং অন্যান্য সকল লেনদেন ব্যাংকের মাধ্যমে পরিচালনা করার জন্য পরামর্শ দেয়া হলো।	মহোদয়ের পরামর্শের আলোকে সকল লেনদেন ব্যাংকের মাধ্যমে পরিচালিত করা হবে।	
০৬	জন্ম নিবন্ধন রেজিস্টারঃ উজানচর ইউনিয়ন পরিষদের জন্ম নিবন্ধন রেজিস্টারটি সংরক্ষণ করা হচ্ছে। রেজিস্টার পাতায় পৃষ্ঠা সংখ্যা সম্বলিত প্রত্যয়ন রয়েছে। বর্তমানে জন্ম মৃত্যু কার্যক্রম অনলাইনে সম্পাদনা করা হচ্ছে। অনলাইনের পাশাপাশি জন্ম মৃত্যু তথ্যাবলি রেজিস্টারে লিপিবদ্ধ করার জন্য পরামর্শ দেয়া হইলো।	হালনাগাদ নিবন্ধনের রেজিস্টারে লিপিবদ্ধ করা হয়।	
০৭	গ্রাম আদালত রেজিস্টারঃ গ্রাম আদালত নথি পর্যালোচনায় দেখা যায় পঞ্জিকা বছরে মোট দায়েরকৃত ১২টি মামলার মধ্যে ১০টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। বিচারাধীন মামলা নিষ্পত্তি করার জন্য পরামর্শ দেয়া হলো।	গ্রাম আদালত আইন ২০০৬ এর সর্বশেষ সংশোধনী ২০১৩ এর আলোকে পরিচালিত হইবে ও নিষ্পত্তি করা হইবে।	
০৮	ইউনিয়ন ডিজিটাল সেন্টারঃ	মহোদয়ের পরামর্শের	

	ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের সাথে সার্বিক কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়। এ সেন্টারের কার্যক্রম সন্তোষভাবে পরিচালিত হচ্ছে। এ দ্বারা অব্যহত রাখার জন্য উদ্যোক্তাদের পরামর্শ দেয়া হইলো।	আলোকে কাজ পরিচালনা করা হইবে।	
০৯	গার্ড ফাইলঃ এ ইউনিয়ন পরিষদে গার্ড ফাইল সংরক্ষন করা হচ্ছে। ইউনিয়ন পরিষদ সংক্রান্ত সকল সরকারি স্যারকুলার গার্ড ফাইলে সংরক্ষন করার জন্য ইউনিয়ন পরিষদ সচিবকে নির্দেশ দেয়া হইলো।	মহোদয়ের নির্দেশনার আলোকে ব্যবস্থা গ্রহণ করা হইবে।	
১০	বাজেট: পরিদর্শনের সময় ইউনিয়ন পরিষদের বাজেট পরিষ্কারকালে দেখা যায় ২০২২/২৩ অর্থ বছরে বাজেট পরিষদের বাজেট সভায় অনুমোদনের পর উপজেলা নির্বাহী কর্তৃক অনুমোদিত হয়েছে। বাজেটের আয় ধরা হয়েছে ৩,৯৯,০০৬৮০ টাকা। অনুমোদিত বাজেট অনুযায়ী আয় ব্যয় কার্যক্রম পরিচালনা করার জন্য চেয়ারম্যানকে পরামর্শ প্রদান করা হইলো।	২০২২/২৩ অর্থ বছরের অনুমোদিত বাজেট অনুযায়ী আয় ব্যয় পরিচালনা করা হইবে।	
১১	দৈনিক আদায় রেজিষ্টার: দৈনিক আদায় রেজিষ্টার পরিষ্কারকালে দেখা যায় সাদা কাগজে ছাপানো খাতায় পৃষ্ঠা সংখ্যা প্রত্যয়ন দিয়ে ব্যবহার করা হচ্ছে। রেজিষ্টারটি যথাযথ ভাবে সংরক্ষন করা হচ্ছে কিনা তা মাঝে মাঝে পরিষ্কা করে এতে প্রতিপাদনমূলক স্বাক্ষর প্রদানের জন্য চেয়ারম্যান কে পরামর্শ দেয়া হইলো।	মহোদয়ের পরামর্শের আলোকে প্রতিপাদনমূলক স্বাক্ষর প্রদান করা হইবে।	
১২	ট্যাক্স এসেসমেন্ট রেজিষ্টার: রেজিষ্টার পরিষ্কারকালে দেখা যায় সাদা কাগজে ছাপানো খাতায় পৃষ্ঠা সংখ্যা প্রত্যয়ন দিয়ে ব্যবহার করা হচ্ছে। রেজিষ্টারটি রক্ষনাবেক্ষণ সন্তোষজনক।	এ কার্যক্রম অব্যহত রাখা হইবে।	
১৩	উন্নয়ন প্রকল্প: ২০২২/২৩ অর্থ বছরে এ পর্যন্ত টিআর বরাদ্দ প্রাপ্তি ৮৭০০০০ টাকা যা দ্বারা ৭টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। ৬টি বাস্তবায়িত হয়েছে।	এ কার্যক্রম অব্যহত রাখা হইবে।	
১৪	ভূমি হস্তান্তর কর: ভূমি হস্তান্তর করের ২০২২/২৩ অর্থ বছরে প্রাপ্ত ২৩৬০০০ টাকার ২টি প্রকল্প বাস্তবায়ন হয়েছে মর্মে পরিদর্শনকালে জানা গেলো।	এ কার্যক্রম অব্যহত রাখা হইবে।	
১০	সার্বিক মন্তব্যঃ সার্বিক বিবেচনায় উজাচর ইউনিয়ন পরিষদের কার্যক্রম মোটামোটি সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়েছে। তবে অফিস ব্যবস্থার মান উন্নয়ন, সকল কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত, ট্যাক্স আদায় বৃদ্ধি এবং এলাকার কার্যক্রমে আরো তৎপরতা বৃদ্ধি করার জন্য চেয়ারম্যান সাহেব কে অনুরোধ করা হলো।	অফিস ব্যবস্থার মান উন্নয়ন, সকল কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত, ট্যাক্স আদায় বৃদ্ধি এবং এলাকার কার্যক্রমে আরো তৎপরতা বৃদ্ধি করা হইবে।	


 (মোঃ গোলজার হোসেন মৃধা)
 চেয়ারম্যান
 ৪নং উজানচর ইউনিয়ন পরিষদ
 গোয়ালন্দ, রাজবাড়ী।